

ঢাকা ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মারামারিতে আহত ৭

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:২৪, ২২ মার্চ ২০২৩



বাঁশ দিয়ে পেটানো হচ্ছে।

ঢাকা কলেজ ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে ফের মারামারির ঘটনায় এই দুই প্রতিষ্ঠানের ৭ জন ছাত্র আহত হয়েছেন।

বুধবার (২২ মার্চ) দুপুর ১টার দিকে ধানমন্ডি ৩ নম্বর রোডের লেকপাড়ে এই ঘটনা ঘটে। ধারণা, পূর্বশত্রুতা বা তুচ্ছ ঘটনার জেরে এ ঘটনা ঘটতে পারে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বুধবার আইডিয়াল কলেজের কোনো এক শিক্ষার্থীকে মারধর করে ঢাকা কলেজের কয়েকজন ছাত্র। এমন খবর আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে পড়ে। পরে আইডিয়াল কলেজের শিক্ষার্থীরা ধানমন্ডি লেকপাড়ে ঢাকা কলেজের কয়েকজন শিক্ষার্থীকে দেখতে পেয়ে বাঁশ নিয়ে হামলা করে। এতে ঢাকা কলেজের পাঁচ শিক্ষার্থী এবং আইডিয়াল কলেজের দুই শিক্ষার্থী আহত হন। আহতরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাসায় ফিরেছে বলে জানিয়েছে পুলিশ ও কলেজ প্রশাসন।

ঢাকা কলেজের নিবিড় পর্যবেক্ষণ কমিটির আহ্বায়ক ও ইংরেজি বিভাগের প্রধান অধ্যাপক পুরঞ্জয় বিশ্বাস বলেন, ‘এমন ঘটনা ঘটতে পারে এই আশঙ্কায় আমরা সকালে ওই এলাকা ঘুরে এসেছি। কলেজে আসার পর শুনি ঘটনা ঘটেছে। ঢাকা কলেজের পাঁচ শিক্ষার্থী আহত হয়েছে, সবাই বাসায় ফিরে গেছে।’

আইডিয়াল কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম বলেন, ‘শুনেছি মারামারির ঘটনা ঘটেছে। কী কারণে ঘটেছে সেটি জানি না। আমরা বসবো এটা নিয়ে। তদন্ত সাপেক্ষে বলতে পারবো কী হয়েছে।’

নিউমার্কেট জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) শাহেন শাহ্ বলেন, ‘সংঘর্ষের কোনো ঘটনা ঘটেনি। ওখানে যারা খেতে গেছে তাদের মধ্যে কথা কাটাকাটি-হাতাহাতির ঘটনা ঘটেছে। শিক্ষার্থীরা ক্যাম্পাসে এসব করে না। পারসোনাল সময়ে এসব করে, পরে ক্যাম্পাসে টেনে নিয়ে আসে।’

এমএইচ

